

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৯৭

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - ইবনু সাইয়্যাদ-এর ঘটনা

الفصل الاول (بَابِ قصَّة ابْنِ الصياد)

আরবী

وَعَنْ نَافِعِ قَالَ: لَقِيَ ابْنُ عُمَرَ ابْنَ صَيَّادٍ فِي بَعْضِ طُرُقِ الْمَدِينَةِ فَقَالَ لَهُ قَوْلًا أَغْضَبَهُ فَانْتَفَخَ حَتَّى مَلَاً السِّكَّة. فَدَخَلَ ابْنُ عُمَرَ عَلَى حَفْصَةَ وَقَدْ بَلَغَهَا فَقَالَتْ لَهُ: رَحِمَكَ اللَّهُ مَا أُرَدْتَ مِنِ ابْنِ صِياد؟ أما علمت أن رَسُول اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّمَا يَخْرُجُ مِنْ غضبةٍ يغضبها» . رَوَاهُ مُسلم

رواه مسلم (98 / 2932)، (7359) ۔ (صَحِیح)

বাংলা

৫৪৯৭-[৪] নাফি (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন মদীনার কোন এক পথে ইবনু সাইয়্যাদ-এর সাথে ইবনু উমার (রাঃ)-এর সাক্ষাৎ হলো। তখন ইবনু উমার (রাঃ) তাকে এমন একটি কথা বললেন, যাতে সেখুবই রাগান্বিত হলো। এমনকি রাগে সে এমনভাবে ফুলে উঠল যেন গলি (পথ) ভরে গেল। অতঃপর ইবনু উমার (রাঃ) তাঁর বোন হাফসার নিকট গেলেন এবং হাফসার কাছে সেই খবর আগেই পৌছেছিল। তখন হাফসাহ (রাঃ) তাঁকে বললেন, আল্লাহ তা'আলা তোমার প্রতি দয়া করুন। তুমি ইবনু সাইয়্যাদ থেকে কি (জানতে) চেয়েছিলেন? তুমি জান না যে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: (দাজ্জাল) কোন এক বিষয়ে ক্ষুব্ধ হয়ে অত্যধিক ক্রোধান্বিত অবস্থায় বের হবে। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৯৮-(২৯৩২), মুসনাদে আহমাদ ২৬৪৬৮, সহীহুল জামি ২৩৮০, আবূ ইয়া'লা ৭০৬১, সহীহ ইবনু হিবান ৬৭৯৩, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮৮৮৯।



ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَانْتَفَخُ) রাগে ফুলে উঠল, (السِّكَّة) গলি বা পথ। (إنَّمَا يَخْرُجُ مِنْ غضبةٍ يغضبها) অর্থাৎ দাজ্জাল হঠাৎ করে রেগে যাবে এবং আত্মপ্রকাশ করবে আর নুবুওয়্যাত দাবী করবে ও ফিতনাহ্ বিস্তার করবে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন